

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০১৫.১৬ — ১৩৬

তারিখ: ১৭.০২.২০১৭ খ্রি:

বিষয়: ১৪টি মেডিকেল কলেজ ও হাসপাতাল, ০৫টি বিশেষায়িত ইনস্টিটিউট ও হাসপাতালের ল্যাবরেটরী মেডিসিন বিভাগ (২) কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল (৩) জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠানে পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ২৯.০৮.২০১৭ খ্রি:
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভাপতি : ফয়েজ আহম্মদ
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অধ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০৩(তিন)টি প্রতিষ্ঠানের পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। প্রতিষ্ঠান ০৩(তিন)টি হলো ১৫টি মেডিকেল কলেজ ও হাসপাতাল, ০৫টি বিশেষায়িত ইনস্টিটিউট ও হাসপাতালের ল্যাবরেটরী মেডিসিন বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠানে পদ সৃজন। তিনি উল্লেখ করেন যে, গত ২৯-০১-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৫১.১৫.২৬.২০১৪-৩৩ নং স্মারক মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সিনিয়র সচিব মহোদয় স্বাক্ষরিত একটি ডিও পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের সাথে রাজস্বখাতে পদ সৃজনের চেকলিস্ট প্রেরণ করা হয়েছে। প্রত্যাশী সংস্থা থেকে অনেক সময় পদ সৃজন সংক্রান্ত চেকলিস্ট অনুসরণ না করেই প্রস্তাব প্রেরণ করা হয়ে থাকে। তাছাড়া পদ সৃজনের চেকলিস্টের ১৭ নং কলামে মন্ত্রণালয়ের অভ্যন্তরে সভা করে পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদানের নিয়ম রয়েছে।

১। ১৪টি মেডিকেল কলেজ ও হাসপাতাল, ০৫টি বিশেষায়িত ইনস্টিটিউট ও হাসপাতালের ল্যাবরেটরী মেডিসিন বিভাগের জন্য রাজস্বখাতে পদ সৃজন:

স্বাস্থ্য অধিদপ্তর হতে ১৫টি মেডিকেল কলেজ ও হাসপাতাল, ০৫টি বিশেষায়িত ইনস্টিটিউট ও হাসপাতালের ল্যাবরেটরী মেডিসিন বিভাগের জন্য ১ম ও ২য় অর্থ বছরে (৫৬+৩০)=৮৬টি পদ সৃজনের প্রস্তাব করেছে। তন্মধ্যে চীফ কনসালটেন্ট ১৯টি (৩য় গ্রেড), সিনিয়র কনসালটেন্ট-২৪টি (৫ম গ্রেড) এবং জুনিয়র কনসালটেন্ট ৪৩টি (৬ষ্ঠ গ্রেড) পদ রয়েছে। প্রস্তাবের সাথে কর্ম পরিকল্পনা প্রেরণ করা হয়নি। তাছাড়া পদ সৃজনে The BCS (Examination for Promotion) Rules, 1986 এর উল্লেখ করা হলেও পদের নিয়োগবিধি প্রেরণ করেনি। প্রতিষ্ঠানসমূহে ল্যাবরেটরী মেডিসিন বিভাগ নামে কোন বিভাগ নেই। নতুন বিভাগ খোলার বিষয়ে কোন ধরনের সমীক্ষা/পবেষণা চালানো হয়েছে কিনা, সে ধরনের কোন প্রমানক দাখিল করেনি। প্রাক্তন ক্লিনিক্যাল প্যাথলজি বিভাগকে ল্যাবরেটরী মেডিসিন বিভাগ করা হয়েছে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিশি-১ শাখা হতে। নাম পরিবর্তনের জন্য জনপ্রশাসন ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করে যথাযথ প্রক্রিয়ায় জিও করা হয়েছে কী না তা পরীক্ষণীয়।



আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে ক্লিনিক্যাল প্যাথলজি বিভাগের নাম পরিবর্তন করা হয়েছে কী-না? হয়ে থাকলে সে সংক্রান্ত প্রমানক পত্রাদি প্রেরণ করতে হবে। আর তা না হয়ে থাকলে পদনাম পরিবর্তনের প্রস্তাব প্রশাসন অণুবিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতির জন্য প্রেরণ করতে হবে। উক্ত সম্মতি পাওয়ার পর প্রশাসনিক মন্ত্রণালয় জিও জারীর ব্যবস্থা করবে। এর পর পদ সৃষ্টির প্রস্তাব করতে হবে।

বাস্তবায়নে: চিকিৎসা শিক্ষা-১, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর।

২। ৫০০ শয্যাবিশিষ্ট কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতালে রাজস্বখাতে নতুন পদ সৃজন:

পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতালে বিদ্যমান ৭০৫টি পদের অতিরিক্ত ৮৮৯টি নতুন পদ সৃজনের জন্য অনুরোধ করেছেন। প্রস্তাবটি স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে প্রেরণ করা হয়নি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ চেকলিষ্ট অনুসরণ করা হয়নি। নন ক্যাডার পদের জন্য খসড়া নিয়োগ বিধি প্রেরণ করা হয়নি।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ নির্ধারিত ছকে প্রস্তাব প্রেরণ করতে হবে।
- খ) নন-ক্যাডার পদের খসড়া নিয়োগবিধির মাধ্যমে প্রস্তাব দিতে হবে।
- গ) একই সাথে অর্থ বিভাগের ছকে প্রস্তাব দিতে হবে।
- ঘ) এম.এস ওয়ার্ডে নিকোস ফন্টে প্রস্তাবিত পদের বিবরণের সফট কপি প্রেরণ করতে হবে।
- ঙ) স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে ১২.০৯.২১৭ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩। জাতীয় অর্থোপেডিক ও পূর্নবাসন প্রতিষ্ঠানে আউট সোর্সিং পদ সৃজন:

জাতীয় অর্থোপেডিক ও পূর্নবাসন প্রতিষ্ঠানে ১৫০টি আউট সোর্সিং পদ সৃজনের জন্য স্বাস্থ্য অধিদপ্তর হতে অনুরোধ জানানো হয়েছে। তন্মধ্যে লিফটম্যান-০৫টি, অফিস সহায়ক-২০টি, পরিচ্ছন্নকর্মী-৫০টি, ওয়ার্ড বয়-৩০টি, নিরাপত্তা প্রহরী-১০টি, আয়া-৩০টি, বাবুচী-০৫টি।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা শেষে জাতীয় অর্থোপেডিক ও পূর্নবাসন প্রতিষ্ঠানে ১৫০টি আউট সোর্সিং পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।

৬। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ-

৩১.০৮.২০১৭

(ফয়েজ আহম্মদ)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য সেবা বিভাগ


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০১৫.১৬ - ৬৫৬/৭ (৭)

তারিখ: ১৭.০৮.২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
- ৫। ড: দেবতোষ পাল, সহযোগী অধ্যাপক, ল্যাবরেটরী মেডিসিন বিভাগ, সি ব্লক, রুম নং-৩২২, বিএসএমএমইউ, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(রোকেয়া বেগম)
উপসচিব